**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় মন্ত্রিসভা ত্রিপুরা ও আসামের জন্য চলমান কেন্দ্রীয় প্রকল্পে বিশেষ উন্নয়ন প্যাকেজের আওতায় ৪টি ক্ষেত্রের জন্য ৪,২৫০ কোটি টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করেছে।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, কেন্দ্রীয় মন্ত্রিসভার এই সিদ্ধান্তের ফলে দুর্বল ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হবে।**

**(৩) সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বাল্যবিবাহ রোধে সব অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন।**

**(৪) তিনদিনের ৬৪তম রাজ্যভিত্তিক অনূর্ধ্ব পনেরো সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা আজ থেকে শুরু হয়েছে।**

*******************************************

**Central Cabinet-Tripura & Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ ত্রিপুরা ও আসামের জন্য চলমান কেন্দ্রীয় প্রকল্পে বিশেষ উন্নয়ন প্যাকেজের আওতায় ৪টি ক্ষেত্রের জন্য ৪,২৫০ কোটি টাকা ব্যয়ের অনুমোদন প্রদান করেছে। এর মধ্যে ভারত সরকার, ত্রিপুরা সরকার এবং ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অফ তুইপ্রা (NLFT) এবং অল ত্রিপুরা টাইগার ফোর্স (ATTF) গ্রুপের মধ্যে স্বাক্ষরিত মৌ অনুসারে ত্রিপুরার জনজাতিদের উন্নয়নের জন্য ২৫০ কোটি টাকা ছাড়াও আসাম সরকার এবং আসামের জনজাতি গোষ্ঠীগুলির সঙ্গে স্বাক্ষরিত মৌ অনুসারে আসামের আদিবাসী অধ্যুষিত এলাকায় পরিকাঠামো উন্নয়নের জন্য ৫০০ কোটি টাকা এবং আসামের ডিমাসা

জাতীয় মুক্তি বাহিনী, ডিমাসা পিপলস সুপ্রিম কাউন্সিল গোষ্ঠীগুলির সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তি অনুসারে একইভাবে ৫০০ কোটি টাকা এবং উলফা গোষ্ঠীর সঙ্গে ত্রিপাক্ষিক চুক্তি অনুসারে ৩০০০ কোটি টাকা প্রদানের ব্যাপারে সম্মতি প্রদান করা হয়েছে। ত্রিপুরার ক্ষেত্রে বরাদ্দকৃত ২৫০ কোটি টাকা চলতি অর্থ বছর থেকে ২০২৯-৩০ অর্থবছরের মধ্যে ব্যয় করা হবে। এর মাধ্যমে পরিকাঠামো ও জীবিকা নির্বাহের প্রকল্পগুলিতে কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি দক্ষতা উন্নয়ন, আয়ের সুযোগ বাড়ানো এবং যুব ও মহিলাদের আত্মনির্ভর করে তোলার বিষয় রয়েছে।

*****************************

**CM :**

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, কেন্দ্রীয় সরকার এবং ত্রিপুরা সরকার, এন.এল.এফ.টি এবং এ.টি.টি.এফ গ্রুপের সঙ্গে স্বাক্ষরিত মৌ অনুসারে এই অর্থ অনুমোদনের ফলে বিভিন্ন সরকারি প্রকল্প থেকে পর্যাপ্ত সুবিধা পাননি এমন দুর্বল ও প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নতি হবে। তাছাড়া যুব ও মহিলাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা ও দক্ষতা বৃদ্ধি এবং আয় বৃদ্ধি হবে। পাশাপাশি দেশের অন্যান্য অংশ থেকে পর্যটকদের সংখ্যা বাড়বে, যার ফলে উত্তর-পূর্ব অঞ্চলের মানুষের জন্য অতিরিক্ত কর্মসংস্থান এবং জীবিকার সুযোগ তৈরি হবে।

********************************

**Kanchanjangha Stoppage :**

কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামী ১৪ই আগষ্ট থেকে বিলোনিয়া ও জোলাইবাড়ি রেলষ্টেশনে থামবে। এন.এফ রেলওয়ে সূত্রে আজ এখবর জানানো হয়েছে।

*****************************

**CM Integrated Crop Management Project-Dhalai :**

মুখ্যমন্ত্রী ইন্টিগ্রেটেড ক্রপ ম্যানেজমেন্ট প্রকল্পে আজ ধলাই জেলার কমলপুর মহকুমার সালেমা কৃষি তত্বাবধায়কের উদ্যোগে পূর্ব ডলুছড়া পঞ্চায়েত সংলগ্ন এলাকায় এস আর আই পদ্ধতিতে উন্নত মানের হাইব্রিড ধানের চারা রোপণ করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না দাস পাল বলেন কৃষকদের আয় দ্বিগুন করার লক্ষে কাজ করে চলেছে বর্তমান সরকার। বিধায়ক সহ অতিথিরা ধানের জমিতে নেমে ধানের চারা রোপণ করে কৃষকদের উৎসাহিত করেন।

****************************

**UNION CABINET BRIEFING :**

কেন্দ্রীয় সরকার চলতি অর্থবছরের জন্য প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা গ্রাহকদের ১২ হাজার কোটি টাকারও বেশি ভর্তুকির অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে আজ মন্ত্রিসভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানান, এই সিদ্ধান্তের ফলে ১০ কোটি ৩৩ লক্ষেরও বেশি পরিবার উপকৃত হবে।

***************************

**22 Shraban :**

আজ ২২শে শ্রাবণ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৪তম প্রয়াণ দিবস। রাজ্যের সর্বত্র নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিনটি আজ যথাযথ মর্যাদায় পালন করা হচ্ছে। উমাকান্ত এলামনির উদ্যোগে উমাকান্ত একাডেমির সামনে কবিগুরুর মর্মর মূর্তিতে পুষ্পার্ঘ দিয়ে শ্রদ্ধা জানানো হয়। আজ সকালে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে রবীন্দ্র সঙ্গীত শিল্পী সম্মিলনির উদ্যোগে কবি প্রনামের আয়োজন করা হয়।

বিশালগড়ের রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ে, বিলোনিয়ার জন গ্রন্থাগারের সামনে সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের উদ্যোগে কবিগুরুর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। বিলোনিয়ার জন গ্রন্থাগারের সামনে আয়োজিত অনুষ্ঠানে কবির প্রতিকৃতিতে শ্রদ্ধা জানান বিধায়ক দীপংকর সেন।

************************

**Voice Over- 22nd of Shrawan :**

বাইশে শ্রাবণ। আমাদের মনে করে রাখা বাংলা ক্যালেন্ডারের একটা দিনের হিসেব। আমাদের বাংলাভাষা সাহিত্যের আনুষ্ঠানিক শুরুর মানুষ পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর হলেও এর বিশ্বায়নের কারিগর কিন্তু রবীন্দ্রনাথ ঠাকুর। ১৩৪৮ বঙ্গাব্দের ২২শে শ্রাবণ, মানে প্রায় সাড়ে আট দশক আগেকার এই দিনে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বাংলা ভাষার হয় ব্যাপক ক্ষতি। আমরা হারিয়েছি স্ব-দেশী, স্ব-ভাষী, অভিভাবককে। বিশ্ব মানবতার জয়গানকারী বিশ্বকবি, কবিগুরুর চিরবিদায় যেন বঞ্চিত অগণিত মানুষেরও মহাক্ষতির অফুরান শোক দিবস! একটি প্রতিবেদন।

######VC####

*********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। টোলফি  নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

****************************

**Bal Bibha Mukta Bharat-2025 :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বাল্যবিবাহ রোধে সব অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গনে কৈলাশহর পুর পরিষদের সহযোগিতায় "সন্দীপন" সাংস্কৃতিক সংস্থার ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক স্বাস্থ্য শিবিরে উদ্বোধনী ভাষণে তিনি একথা বলেন। বক্তব্য রাখেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, চিকিৎসক ডাঃ রাহুল এম,শর্মা, সন্দীপন সংস্থার সম্পাদক অরিন্দম চক্রবর্তী প্রমুখ। এখানে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ সহ বিনামূল্যে পরীক্ষা-নিরীক্ষা ও ওষুধ প্রদান করা হয়।

****************************

**ICMR & DHR outreach prog :**

ভারতীয় চিকিৎসা গবেষণা পরিষদ এবং স্বাস্থ্য গবেষণা বিভাগের উদ্যোগে আজ নয়াদিল্লিতে বিজ্ঞান ও স্বাস্থ্য উদ্ভাবন বিষয়ে সারা দেশ থেকে আসা ছাত্র-ছাত্রীদের নিয়ে আউটরিচ কর্মসূচির আয়োজন করা হয়। এই উদ্যোগের লক্ষ্য হল স্বাস্থ্য ও জৈব চিকিৎসা গবেষণা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত

করা। নবম থেকে দ্বাদশ শ্রেণীর তিন শতাধিক স্কুলের তেরো হাজারেরও বেশি শিক্ষার্থী এই কর্মসূচিতে অংশগ্রহণ করে।

***************************

**Har Ghar Tiranga-Kanchanpur :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ কাঞ্চনপুর থানায় এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে কাঞ্চনপুর সরকারি ইংলিশ মিডিয়াম স্কুলের ছাত্রছাত্রীদের স্বদেশ প্রেমের ভাবনায় উদ্বুদ্ধ করেন থানার ওসি শ্রীকান্ত রুদ্রপাল। ছাত্রছাত্রীরা পুলিশ কর্মীদের হাতে রাখী পড়িয়ে শুভেচ্ছা বিনিময় করে।

****************************

**IGDC-Training Program :**

ধলাই জেলার ছৈলেংটা টাউন হলে আজ ইন্দো-জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন প্রকল্পের অধীনে বনভূমির পাট্টাপ্রাপ্ত সুবিধাভোগীদের নিয়ে একদিনের ব্লকস্তরে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির মূল বিষয় ছিল বৃক্ষরোপণ, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা। কর্মশালায় কৃষি-বনজ পদ্ধতির মাধ্যমে কীভাবে সুস্থায়ী জীবিকা নির্বাহ করা যায় সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এই প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে সুবিধাভোগীরা কৃষি ও বনজ সম্পদকে কাজে লাগিয়ে তাদের আর্থিক অবস্থার উন্নতির জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন।

****************************

**Har Ghar Tiranga-Khowai :**

খোয়াই সরকারি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের উদ্যোগে আজ হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালন করা হয়। অংশ নেয় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগেও একাধিক স্কুলের পড়ুয়াদের নিয়ে অনুষ্ঠিত হয় সুসজ্জিত বাইসাইকেল রেলি।

*****************************

**RBI–Gomati :**

ভারতীয় রিজার্ভ ব্যাংকের উদ্যোগে টেপানিয়া ব্লকের গর্জন মুড়া স্কুলে আজ এক আর্থিক সচেতনতা মূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে আর্থিক সচেতনতার বিষয়ে বক্তব্য রাখেন ভারতীয় রিজার্ভ ব্যাংকের কর্মকর্তাগণ। উপস্থিত ছিলেন ভারতীয় রিজার্ভ ব্যাংকের মুখ্য জেনারেল ম্যানেজার ডক্টর নীনা রোহিত জৈন, জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিদার, গোমতী জেলা শাসক রিঙ্কু লাথের, বাগমা এগ্রি প্রডিউসার কোম্পানির এমডি সুদীপ মজুমদার সহ গ্রাম পঞ্চায়েতের জনপ্রতিনিধি ও স্থানীয় গ্রামবাসীগন।

*****************************

**Synthetic Football :**

কৈলাশহরের দেওড়াছড়া ADC ভিলেজের বেলকুমবাড়ি স্কুল সংলগ্ন সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠে আজ থেকে তিনদিনের ৬৪তম রাজ্যভিত্তিক অনূর্ধ্ব পনেরো সুব্রত মুখার্জি কাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে। আজ উদ্বোধনী ম্যাচে খোয়াই জেলা ৩-১ গোলের ব্যবধানে সিপাহীজলা জেলাকে পরাজিত করেছে। এর আগে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এই সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা কেশব কর, দারলং সমাজের বিশিষ্ট ব্যক্তিত্ব নেইথাঙ্গা দারলং প্রমুখ। এই সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠটি নির্মানে ব্যয় হয়েছে ৫ কোটি ৩৬ লক্ষ টাকা।

********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, দক্ষিণ, গোমতী ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.২ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩.৬ মিলিমিটার।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *